

## চীনের হারবিনে শুরু হলো জমজমাট তুষার উৎসব

- A Monitor Desk Report

Date: 03 March, 2025



**হারবিন :** চীনের উত্তরাঞ্চলীয় হেইলংজিয়াং প্রদেশের রাজধানী হারবিনে বিশ্বের সবচেয়ে বড় বরফ-তুষার থিম পার্ক হারবিন আইস-স্নো ওয়ার্ল্ডের ২৬তম সংস্করণের পর্দা নেমেছে।

এবারের উৎসবে যোগ দিয়েছেন ৩৫ লাখের বেশি দর্শনার্থী, যা আগের আয়োজনের তুলনায় ৩১ দশমিক ৪ শতাংশ বেশি।

হারবিন আইস অ্যান্ড স্নো ওয়ার্ল্ড কোম্পানি লিমিটেডের কর্মকর্তারা জানান, ২০২৩ সালে এ উৎসব দেখতে এসেছিল ২৭ লাখ পর্যটক। ২০২৪ সালের ২১ ডিসেম্বর শুরু হওয়া উৎসব ৬৮ দিন ধরে চলেছে। ‘আইস সিটি’-খ্যাত শহর হারবিন চীনে শীতকালীন খেলাধুলা ও বরফ-তুষারভিত্তিক শিল্পের প্রাণকেন্দ্র।

ছয় দশক ধরে নান্দনিক বরফ ভাস্কর্য ও শীতকালীন উৎসবের জন্য বিশ্বজুড়ে পরিচিতি পেয়েছে হারবিন। এবারের আয়োজন ছিল সবচেয়ে বড়। পার্কে ১০ লাখ বর্গমিটার এলাকাজুড়ে তৈরি হয়েছিল বরফের দুর্গ। এতে ব্যবহার করা হয়েছিল তিন লাখ কিউবিক মিটার বরফ ও তুষার! এ উৎসবে স্থাপত্যের পাশাপাশি ছিল বরফ স্কেটিং, তুষার স্লাইড, বর্ণিল আলোকজসজ্জাসহ বিভিন্ন ধরনের আয়োজন।

চীনের মহাপ্রাচীরের প্রতিকৃতি থেকে শুরু করে আধুনিক স্থাপত্যশৈলীর মিনার সবই জীবন্ত হয়ে উঠেছিল বরফের নিখুঁত কারুকার্যে। পর্যটকদের সুবিধার জন্য পুরো এলাকা ভাগ করা হয় বিভিন্ন থিম জোনে। সান আইল্যান্ডজুড়ে দেখা যায় তুষার-ভাস্কর্য, আর বাওলিন পার্কে প্রদর্শিত হয় ঐতিহ্যবাহী বরফের লঠন।

পার্ক কর্তৃপক্ষ জানায়, শুধু পর্যটক সংখ্যাই নয়, এবারের উদ্বোধনী দিন থেকেই সামাজিক মাধ্যমেও তুমুল আলোচনায় ছিল হারবিন। বিশ্বজুড়ে শীতপ্রেমী ও শিল্পানুরাগীদের কাছে এটি পরিণত হয়েছিল এক স্বপ্নিল গন্তব্যে। হারবিনের এ সাফল্য চীনের সাংস্কৃতিক পর্যটন খাতকে আন্তর্জাতিক পর্যায়ে আরো সমৃদ্ধ করবে বলে মনে করছেন বিশ্লেষকরা।

উল্লেখ্য, ১৯৬৩ সালে প্রথমবার স্থানীয় বরফ শিল্পের প্রদর্শনী হিসেবে এ উৎসব শুরু হয়। সময়ের সঙ্গে সঙ্গে এটি পরিণত হয় বিশ্বের বৃহত্তম বরফ ও তুষার উৎসবে।

-B